

১৪ ফেব্রুয়ারি, ২০১৭

প্রিয় পিতামাতা,

নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুল সম্পর্কে কিছু ভালো সংবাদ জানাতে আপনাদের কাছে এ চিঠি দিচ্ছি।

গত সপ্তাহে আমরা ঘোষণা করেছি যে, হাই স্কুল গ্র্যাজুয়েশনের হার সব সময়ের চাইতে বেশি, এবং ড্রপ-আউটের হার সব সময়ের চাইতে কম। প্রতিটি বরোতে গ্র্যাজুয়েশনের হার বেড়েছে এবং ড্রপ-আউটের হার কমেছে।

এটা এক বিরাত সাফল্য, এবং এজন্য আমাদের শিক্ষার্থীদের, এবং সাথে সাথে আমাদের শিক্ষকমণ্ডলী এবং স্কুল স্টাফদের কঠোর পরিশ্রমের জন্য অভিনন্দিত করা উচিত। আমরা এটাও জানি যে, এসবের কোনটাই পাবলিক স্কুলসমূহের পিতামাতাদের ছাড়া সম্ভব হতো না, এবং এমন অসাধারণ সন্তানদের গড়ে তুলতে আপনারা যে ভাগ্য করেছেন, তার জন্য আপনাদেরকে ধন্যবাদ। আপনাদের জন্যই নিউ ইয়র্কের ঔজ্জ্বল্য খুব বেড়ে গেছে।

আমরা যখন অর্জিত সাফল্যের জন্য শিক্ষার্থীদের অভিনন্দিত করছি, তখন আমরা স্মরণ করছি, আমাদের আরও অসংখ্য কাজ করা বাকি আছে। আমাদের সংস্কার উদ্যোগ 'ইকুইটি অ্যান্ড অ্যাক্সেল্যান্স ফর অল' (সবার জন্য অধিকার ও উৎকর্ষ)-এর মাধ্যমে সকল এলাকায় সবগুলো স্কুলের উন্নয়নের জন্য আমরা আগের চাইতে কঠোর পরিশ্রম করছি।

প্রি-কে থেকে প্রত্যেক ৪ বছর বয়সীদের জন্য, প্রতিটি এলিমেন্টারি স্কুলের জন্য রিডিং কোচ নিয়োগে, প্রতিটি বরোর প্রতিটি হাই স্কুলে এপি ক্লাস, কমপিউটার ক্লাস চালুর জন্য- আমাদের স্কুল ব্যবস্থায় যে বিনিয়োগ আমরা করছি, তা আগে কখনও করা হয়নি, ২০১৬ সালের মধ্যে, শতকরা ৮০ ভাগ শিক্ষার্থী হাই স্কুল থেকে যথাসময়ে কলেজে ভর্তির জন্য প্রস্তুত হয়ে গ্র্যাজুয়েশন করবে, এবং আমাদের সকল শিক্ষার্থী ২য় গ্রেড পর্যায় পর্যন্ত পাঠ করতে সক্ষম হবে।

আমাদের অব্যাহত অগ্রগতি অর্জনের পাশাপাশি পাবলিক স্কুলগুলোর সাফল্যের জন্য আমরা সব সময়ের চাইতে অধিক প্রতিশ্রুতিবদ্ধ থাকবো। আমরা সব সময় পাবলিক স্কুলগুলোর প্রতি আস্থাশীল থাকবো। আমরা সব সময় নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থী, আমাদের পরিবারসমূহ, এবং আমাদের শিক্ষকমণ্ডলীর প্রতি আস্থাভাজন থাকবো।

আপনাদের ছেলেমেয়েদের এবং আমাদের সিটির জন্য যা করেছেন, তার সবকিছুর জন্য আপনাদেরকে আবারও ধন্যবাদ জানাচ্ছি, এবং নিউ ইয়র্ক সিটির শিক্ষার অগ্রগতির জন্য আমরা একসাথে যে কাজগুলো করবো, সেগুলোর অপেক্ষায় আছি।

এই বিশাল সাফল্যের জন্য আপনাদেরকে অভিনন্দন!

আপনাদের বিশ্বস্ত,



চ্যান্সেলর
ডিপার্টমেন্ট অভ এডুকেশন



মেয়র
সিটি অভ নিউ ইয়র্ক